



বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল

(তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ)

ই-১৪/এক্স, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

ফোনঃ ৫৫০০৬৮৪৯, ফ্যাক্সঃ ৮৮০-২-৫৫০০৬৭৯১, ই-মেইলঃ bcc@bcc.net.bd Web Site: www.bcc.gov.bd

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এর ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী

সভাপতি : এহছানুল পারভেজ, পরিচালক(যুগ্মসচিব)
গবেষণা, উদ্ভাবন ও উন্নয়ন

তারিখ : ২৪-০৩-২০২১, বুধবার

সময় ও স্থান : বিকাল ০৩:০০ ঘটিকা, আহবায়কের কক্ষ

উপস্থিতি : পরিশিষ্ট-‘ক’ দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব বিগত সভার কার্যবিবরণী ও সংশ্লিষ্ট সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে আলোচনা করেন। সদস্য-সচিব সভাকে অবগত করেন যে, আইসিটি বিভাগ কর্তৃক নির্দেশিত ২দিনব্যাপী “উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধি” বিষয়ক প্রশিক্ষণ বিসিসি কর্তৃক আয়োজনের কার্যক্রম চলমান রয়েছে। বিগত ০৪.০৩.২০২১ তারিখের সভায় গৃহিত সিদ্ধান্ত সমূহের অগ্রগতি নিম্নরূপ:


| ক্রমিক | গৃহিত সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|--------|--|--|
| ০১ | মার্চ/২০২১ মাসের মধ্যে বিসিসি কর্তৃক ২দিনব্যাপী “উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধি” বিষয়ক প্রশিক্ষণের আয়োজন করতে হবে। | আইসিটি বিভাগের নির্দেশনাক্রমে ২দিন ব্যাপী “উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধি” বিষয়ক প্রশিক্ষণটি আইসিটি বিভাগের তত্ত্বাবধানে অনুষ্ঠিত হবে সেখানে বিসিসির অংশগ্রহণ ও আর্থিক সহযোগিতা প্রদান করতে হবে। |
| ০২ | ই-নথিতে ইনোভেশন বিষয়ক নথি খুলতে হবে এবং সেখানে বিসিসির ইনোভেশন টিমের সকল সদস্যদেরকে এক্সেস দেবার ব্যবস্থা করতে হবে। | বাস্তবায়িত। |

আইসিটি বিভাগের নির্দেশনামোতাবেক চিহ্নিত কার্যক্রম সমূহ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়:

ক) “উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধি” বিষয়ক প্রশিক্ষণ আইসিটি বিভাগ আয়োজন করবে সেখানে বিসিসির উপস্থিতি ও আর্থিক সহায়তা করতে হবে।

খ) বিসিসি কর্তৃক আগামী ২০.০৪.২০২১ তারিখে বিসিসির উদ্ভাবিত উদ্যোগ সমূহ প্রদর্শনী (শোকেসিং) আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


০৪.০৩.২০২১

এহছানুল পারভেজ
পরিচালক (যুগ্মসচিব)
গবেষণা, উদ্ভাবন ও উন্নয়ন

ও

আহবায়ক, ইনোভেশন টিম, বিসিসি।